যুগান্তর

তারিখ ... ৩/১১/২০০৩
পৃষ্ঠা ২ কলাম ... ৩...

# ৭ নভেম্বর কাঞ্চন সেতুর নির্মাণ কাজের সূচনা

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ঐতিহাসিক ৭ নভেম্বর ঢাকা বাইপাস সড়কে শীতলক্ষ্যা নদীর ওপর কাঞ্চন সেতুর নির্মাণ কাজের সূচনা করবেন। যোগাযোগমন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদা, প্রতিমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, যোগাযোগ সচিব সৈয়দ রেজাউল হায়াত, সড়ক ও জনপথ অধিদফতরের প্রধান প্রকৌশলী ফজলুল হকসহ যোগাযোগ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা গতকাল ঢাকা বাইপাস সড়ক নির্মাণের প্রাথমিক কাজের অগ্রগতি এবং কাঞ্চন সেতুর নির্মাণস্থল পরিদর্শন করেন।

আগামী ৩৬ মাসের মধ্যে ৬১ কোটি ৫০ লাখ টাকা প্রকল্প ব্যয় সাপেক্ষে কাঞ্চন সেতুটি নির্মিত হবে। এতে চার লেইন বিশিষ্ট ৪১৫ মিটার দৈর্ঘ্য সেতু এবং ১ দশমিক ৪০ কিলোমিটার সংযোগ সড়ক নির্মাণ অন্তর্ভুক্ত রয়েছে।

উল্লেখ্য, ঢাকা মহানগরীর যানজট নিরসনের লক্ষ্যে ঢাকা শহরকে বাইপাস করে বন্দরনগরী চট্টগ্রাম এবং উত্তরাঞ্চলের মধ্যে সরাসরি যানবাহন চলাচলের জন্য ঢাকা বাইপাস সড়ক নির্মিত হবে। ৪৮ কিলোমিটার দীর্ঘ ঢাকা বাইপাস সড়কটি জয়দেবপুর থেকে শুরু হয়ে উলুখোলা, দেবগ্রাম, ভুলতা হয়ে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের মদনপুরে মিলিত হবে। ঢাকা বাইপাস সড়ক প্রকল্পের নির্মাণ ব্যয় ধরা হয়েছে ২৫৫ কোটি ৬৯ লাখ ৭৮ হাজার টাকা। স্বল্পতম সময়ে এবং স্বল্প ব্যয়ে সম্পূর্ণ দেশীয় অর্থায়নে ঢাকা বাইপাস সড়কটির নির্মাণের মাটির কাজ বর্তমানে সমাপ্তির পর্যায়ে রয়েছে। খবর তথ্য বিবরণী।